যুগান্তর

তারিখ 31 DEC 2002
পৃষ্ঠা ৭ কলাম ৮

# সুপ্রভাত বাংলাদেশ

গ্রেডিং পদ্ধতিতে পাবলিক পরীক্ষা নেয়ার পদক্ষেপ সব মহলেই প্রশংসিত হয়েছে। ২০০১ সাল থেকে এসএসসি পরীক্ষার ফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হচ্ছে। ২০০৩ সাল থেকে এইচএসসি পরীক্ষার ফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে। পাবলিক পরীক্ষার ফল প্রকাশের এই আধুনিক পদ্ধতি নিয়ে কোন মহলেরই তেমন কোন মতপার্থক্য নেই। তবে সরকারের দায়িত্বশীল একটি সূত্র জানিয়েছে, বর্তমানে চালু ৬টি গ্রেডের পরিবর্তে ৮টি গ্রেড দেয়া হবে। এতে ছাত্রছাত্রী, শিক্ষক এবং অভিভাবকদের মধ্যে সঙ্গত কারণেই উদ্বেগ দেখা দিয়েছে। দুটি পাবলিক পরীক্ষার আর মাত্র ২/৩ মাস বাকি। এ সময়ে গ্রেডিং পদ্ধতির আমূল সংস্কার করা কোনভাবেই বাঞ্ছনীয় নয়। যে কোন পদ্ধতি চালু করতে হলে তা সেশন শুরুর প্রথম দিকেই ছাত্র-শিক্ষকদের জানিয়ে দেয়া প্রয়োজন। গ্রেডিং পদ্ধতির আমূল সংস্কারের সময় বিষয়টি অবশ্যই নীতিনির্ধারকদের মনে রাখতে হবে। আশা করি সংশ্লিষ্ট মহল বিষয়টি বিবেচনায় রাখবে– এই প্রত্যাশায় সুপ্রভাত বাংলাদেশ।